চুয়াডাঙ্গায় কোরআন শিক্ষা কার্যক্রমের উদ্বোধন

চুয়াডাঙ্গায় পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) উদ্যোগে নারী ও শিশুদের জন্য কোরআন শিক্ষা কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে। চুয়াডাঙ্গা পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) কর্তৃক আয়োজিত পুনাক চুয়াডাঙ্গার অফিসকক্ষে শনিবার সকাল সাড়ে দশটার সময় পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) চুয়াডাঙ্গার উদ্যোগে নারী ও শিশুদের জন্য কোরআন শিক্ষা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন পুনাক সভানেত্রী মিসেস পুলিশ সুপার জান্নাতুল ফেরদৌস।

এ সময় তিনি বলেন, চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স ও পার্শ্ববর্তী এলাকায় নারী ও শিশুদের জন্য পবিত্র কোরআন শিক্ষা প্রদানের জন্য নারী শিক্ষক না থাকায় নারী ও শিশুরা দীর্ঘদিন ধরে কোরআন শিক্ষা থেকে পিছিয়ে পড়ছে।

ফলে পিতা মাতার সঠিক তত্ত্বাবধান, নৈতিক সুশিক্ষা ও ধর্মীয় অনুশাসনের অভাবে সমাজে অনাকাঙ্ক্ষিত ঘটনা প্রতিনিয়ত ঘটছে। জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলমানের উপর ফরজ।

জ্ঞান অর্জনের পাশাপাশি আল-কুরআন শিক্ষা করাও প্রত্যেক মুসলমানের উপরে আল্লাহ ফরজ করে দিয়েছেন। সামাজিক দায়বদ্ধতা থেকে নারী ও শিশুদের জন্য কোরআন শিক্ষা কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে পুনাক চুয়াডাঙ্গার উদ্যোগে।

উল্লেখ্য পুলিশ লাইন্স জামে মসজিদে সকল বয়সী পুরুষদের মসজিদভিত্তিক কোরআন শিক্ষা কার্যক্রম চলমান আছে। এখন থেকে পুলিশ লাইন্স ও পার্শ্ববর্তী এলাকার নারী ও শিশুরা পুনাক চুয়াডাঙ্গার উদ্যোগে প্রতিদিন সকালে মহিলা শিক্ষক দ্বারা পরিচালিত কোরআন শিক্ষার সুযোগ পাবে।

উক্ত শুভ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুনাক সভানেত্রী মিসেস পুলিশ সুপার জান্নাতুল ফেরদৌস, চুয়াডাঙ্গা পুনাকের সহ-সভাপতি মিসেস নাহিদা আক্তার, সাধারণ সম্পাদিকা মিসেস জোবায়দা আক্তার, কোষাধ্যক্ষ মিসেস সাবিনা ইয়াসমিন, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার হুমায়রা আক্তার সহ জেলা পুলিশের

বিভিন্ন পদমর্যাদার অফিসার ফোর্সবৃন্দ উপস্থিত ছিলেন।